

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির নভেম্বর/২০১৪ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ খুরশীদ শাহরিয়র, উপজেলা নির্বাহী অফিসার, মদন, নেত্রকোণা।
স্থান	:	উপজেলা নির্বাহী অফিসারের সভা কক্ষ, মদন, নেত্রকোণা।
তারিখ ও সময়	:	৩১.১২.২০১৪ খ্রিঃ, বেলা ১০.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ	:	পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়। উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য অফিসার ইনচার্জ, মদন থানা এবং সকল ইউপি চেয়ারম্যানদের ধন্যবাদ জানান। অতঃপর উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতির উপর বিভিন্ন বিষয়ে আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	সভাপতি শুরুতেই অফিসার ইনচার্জ, মদন থানাকে উপজেলার আইন শৃঙ্খলার সার্বিক অবস্থা সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। অফিসার ইনচার্জ, মদন থানা সভাকে জানান যে, নভেম্বর/১৪ মাসে মোট মামলা রেকর্ড হয়-২০ টি। তার মধ্যে মারামারি-১৫টি, চুরি-০২টি, এবং নারী নির্যাতন-০৩টি। বর্তমানে মদন উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। উপজেলা নির্বাহী অফিসার জানান ষাড়ের লড়াই বন্ধের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে আরও সচেতন হতে হবে। কোন অবস্থাতেই না ঘটে সে জন্য তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	জুয়া, মদ, চুরি, নারী নির্যাতন, যৌতুক, বাল্যবিবাহ, দাঙ্গা ও ডাকাতি, ষাড়ের লড়াই বন্ধসহ সকল ধরনের অপরাধ দমনে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা, মেয়র, মদন পৌরসভা ও ইউপি চেয়ারম্যান (সকল)
২.	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। হাসপাতালে সকল রোগীদের যথাযথভাবে সেবা প্রদান করা হচ্ছে। হাসপাতালের সামনে টেম্পু স্টেন্ড অন্যত্র সরিয়ে নেয়ার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার ও মেয়র, মদন পৌরসভাকে অনুরোধ করেন।	হাসপাতালের সামনের টেম্পু স্টেন্ড অন্যত্র সরিয়ে নেয়ার জন্য মেয়র, মদন পৌরসভা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের এবং প্রতিষ্ঠানের সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মেয়র, মদন পৌরসভা, মদন।
৩.	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। নভেম্বর/১৪ মাসে নারী ও শিশু নির্যাতনের কোন অভিযোগ পাওয়া যায়নি। বর্তমানে বাল্য বিবাহের কোন ঘটনা ঘটেনি। সভায় উপস্থিত সকলকে ২০১৫ সালের শুভেচ্ছা জানান।	নারী ও শিশু নির্যাতন, যৌতুক, বাল্য বিবাহ প্রতিরোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মদন ও সংশ্লিষ্ট সকল।
৪.	উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক।	প্রতিষ্ঠানের সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, মদন।
৫.	প্রধান শিক্ষক, নোয়াগাঁও আফতার হোসেন একাডেমী, মদন সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা মোটামোটি ভাল। ১লা জানুয়ারি ২০১৫ তার প্রতিষ্ঠানের বই বিতরণ উৎসবে উপস্থিত থাকার জন্য তিনি সভায় অনুরোধ করেন। ইংরেজী নববর্ষ ২০১৫ এর শুভেচ্ছা জানান। তার প্রতিষ্ঠানের ক্লাসের জায়গার সমস্যা ও বেঞ্চের অভাবে ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার খুবই সমস্যা হচ্ছে। প্রতিষ্ঠানে একটি ঘর তৈরীর আর্থিক সহায়তার জন্য তিনি চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও	প্রতিষ্ঠানের সকল কার্যক্রম স্বাভাবিক রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান শিক্ষক, নোয়াগাঁও আফতার হোসেন একাডেমী, মদন।

	উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।		
৬.	প্রধান শিক্ষক, শহীদ স্মরণীকা বালিকা উচ্চ বিদ্যালয়, মদন সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি মোটামুটি ভাল। তার প্রতিষ্ঠানে জেএসপি পরীক্ষায় ৭৭ জন পাশ করেছে, তার মধ্যে ১১ জন জিপিএ ৫ পেয়েছে। স্কুলে সামনে রাস্তাটি এই বর্ষা মৌসুমে কাদা জমে থাকে। এ রাস্তাটি মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন।	পৌরসভার রাস্তাটি মেরামতের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	মেয়র, মদন পৌরসভা এবং প্রধান শিক্ষক, শহীদ স্মরণীকা বালিকা উচ্চ বিদ্যালয়, মদন।
৭.	অধ্যক্ষ, জোবাইদা রহমান মহিলা কলেজ (প্রতিনিধি) সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিকভাবে চলছে। এছাড়া প্রতিষ্ঠানের সকল কার্যক্রম স্বাভাবিক। সভায় উপস্থিত সকলকে ইংরেজী নববর্ষ ২০১৫ সালের শুভেচ্ছা জানান।	প্রতিষ্ঠানের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অধ্যক্ষ, জোবাইদা রহমান মহিলা কলেজ, মদন।
৮.	অধ্যক্ষ, সরকারি হাজী আঃ আজিজ খান ডিগ্রী কলেজ (প্রতিনিধি) সভাকে জানান যে, মদনের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। এছাড়া কলেজের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	কলেজের আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অধ্যক্ষ, সরকারি হাজী আঃ আজিজ খান ডিগ্রী কলেজ, মদন।
৯.	সভাপতি, প্রেসক্লাব, মদন জনাব মোঃ আল আমীন সভাকে জানান যে, মদন উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। গত ২৭.১২.১৪ তারিখ পৌরসভার ৯নং ওয়ার্ডে তার নিজ বাড়ী থেকে ৫টি গরু চুরি হয়েছে। তিনি জানান এখন পর্যন্ত গরু চুরির বিষয়ে কোন খবর পাওয়া যায়নি। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মদন থানাকে অনুরোধ করেন। উপজেলার সাব রেজিষ্ট্রি অফিসে নিজেদের খেলাল খুশিমত সাধারণ জনগণের নিকট থেকে জমি দলিলের অতিরিক্ত ফি আদায় করা হচ্ছে এবং বালই নদী ফেরীঘাট হতে অতিরিক্ত হারে টোল আদায় করা হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। জনাব মোঃ মোতাহার আলম সভাকে জানান যে, মদন উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি ভাল। পূর্বের তুলনায় ঘাড়ের লড়াই বর্তমানে অনেক কম। উপজেলা নির্বাহী অফিসার জানান, সাব রেজিষ্ট্রি অফিসে নিজেদের খেলাল খুশিমত সাধারণ জনগণের নিকট থেকে জমি দলিলের অতিরিক্ত ফি আদায় বন্ধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সাব-রেজিষ্ট্রার, মদনকে অনুরোধ করেন।	বালই নদী ফেরীঘাটের যুক্তিযুক্ত টোল রেইট চেয়ারম্যান, গোবিন্দশ্রী ইউপি নির্ধারণ করে দিবেন এবং টোল চার্ট প্রেস ক্লাব সভাপতি জনাব মোঃ আল আমীন নিজ খরচে টাঙ্গিয়ে দিবেন এবং নারী নির্যাতন, বাল্য বিবাহ, চুরি, ডাকাতি বন্ধসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা ও সংশ্লিষ্ট সকল।
১০.	চেয়ারম্যান, ফতেপুর ইউপি, মদন সভাকে জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তার ইউনিয়নে বনতিয়শ্রী গ্রামে একটি পরিবার হতে ৮ লক্ষ টাকা চুরি করে নিয়ে গিয়েছে। এ বিষয়টির এখন পর্যন্ত কোন খবর পাওয়া যায়নি। বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মদন থানাকে অনুরোধ করেন।	চুরি, ডাকাতি, জুয়াখেলা, বাজীখেলা ও ঘাড়ের লড়াই বন্ধসহ সকল অপরাধ প্রতিরোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা, চেয়ারম্যান (সকল) ইউপি ও সংশ্লিষ্ট সকল, মদন।
১১.	চেয়ারম্যান, তিয়শ্রী ইউপি, মদন সভাকে জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বর্তমানে ঘাড়ের লড়াই খুবই কম। প্রতিটি ইউনিয়নে কমিনিটি পুলিশিং কার্যক্রম জোড়দার করা হলে আইন-শৃঙ্খলা আরও উন্নত হবে। উপজেলা নির্বাহী অফিসার জানান, প্রতি মাসে ইউনিয়ন পর্যায়ে আইন-শৃঙ্খলা সভা করে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির জন্য চেয়ারম্যান সকল ইউপিকে অনুরোধ করেন।	চুরি, ডাকাতি, জুয়াখেলা, বাজীখেলা ও ঘাড়ের লড়াই বন্ধসহ সকল অন্যায প্রতিরোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা, চেয়ারম্যান (সকল) ইউপি ও সংশ্লিষ্ট সকল, মদন।
১২.	চেয়ারম্যান, গোবিন্দশ্রী ইউপি, মদন সভাকে জানান যে, তার ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। গত ৩০.০৬.১৪ তারিখ তার ইউনিয়নে কদমশ্রী গ্রামের ৬টি পরিবারের ঘর	আগুনে পুড়া ক্ষতিগ্রস্ত পরিবারকে আর্থিক সহায়তা ও ঢেওটিন	উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ত্রাণ ও পূর্ববাসন

	বাড়ি আগুনে পুড়ে ছাই হয়ে গেছে। ক্ষয় ক্ষতির পরিমাণ প্রায় ৭ লক্ষ টাকা। তাৎক্ষনিকভাবে ইউনিয়ন পরিষদ হতে চাল ও কম্বল দেয়া হয়েছে। সরকারিভাবে ক্ষতিগ্রস্থ পরিবারকে আর্থিক সহযোগিতা করার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।	বিতরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	কর্মকর্তা, চেয়ারম্যান, গোবিন্দশ্রী ইউপি, মদন।
১৩.	জনাব মোঃ আব্দুল কদুস সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি অনেক ভাল। সাব রেজিষ্ট্রি অফিসে জমি দলিলের রেইট নির্ধারণ করে অফিসে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। ১ জানুয়ারি ২০১৫ সারা দেশে সকল বিদ্যালয়ে বই বিতরণ উদ্বোধন করা হবে। উক্ত বই বিতরণ উৎসবে সভায় উপস্থিত সকলে সংশ্লিষ্ট বিদ্যালয়ে উপস্থিত থেকে বই বিতরণ উৎসবকে আরও সুন্দর করবেন।	সাব রেজিষ্ট্রি অফিসে জমি দলিলের রেইট নির্ধারণ করে অফিসে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা, সাব-রেজিষ্ট্রার, মদন, চেয়ারম্যান (সকল) ইউপি ও সংশ্লিষ্ট সকল, মদন।
১৪.	জনাব মোঃ রুফন উদ্দিন সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। বর্তমানে দেশে যুদ্ধা অপরাধী ও রাষ্ট্রা বিরোধী কিছু লোক দেশে সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পরিচালনা করছে। মদন উপজেলায় যাথে কোন সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পরিচালনা করতে না পারে সে জন্য নিজ নিজ অবস্থান থেকে সকলকে আরও সচেতন হতে হবে।	সকল ধরণের সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম বন্ধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা।
১৫.	সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, মদন সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা অনেক ভাল। আইন-শৃঙ্খলা আরও ভাল করতে হলে সকলকে আরও সচেতন হতে হবে। প্রতি মাসে সকল ইউনিয়ন পরিষদে আইন-শৃঙ্খলা সভা করে জনগণকে সচেতন করার জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ করেন।	সকল ইউনিয়নে প্রতি মাসে আইন-শৃঙ্খলা সভা করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা ও চেয়ারম্যান (সকল) ইউপি, মদন।
১৬.	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিকভাবে চলছে। বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রত্যর্োধের জন্য তিনি সকলকে অনুরোধ করেন।	বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রত্যর্োধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল।
১৭.	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন সভাকে জানান যে, মদন উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিকভাবে চলছে। দেওয়ান বাজারে বাজারের দিন পকেট মার ও চুরির ঘটনা ঘটে থাকে। দেওয়ান বাজারে বাজারের দিন পুলিশ টহলের ব্যবস্থা গ্রহণের জন্য তিনি অফিসার ইনচার্জ, মদন থানাকে অনুরোধ করেন। কদমশ্রী গ্রামে অগ্নিকাণ্ডে ০৬টি পরিবার ক্ষতিগ্রস্থ হয়েছে। মদনের ফায়ার সার্ভিস স্টেশনটি চালু করার জন্য উর্ধতন কর্তৃপক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করেন।	মদন উপজেলার ফায়ার সার্ভিস স্টেশনটি চালু করার বিষয়ে সদয় দৃষ্টি দেয়ার জন্য বেগম রেবেকা মমিন, মাননীয় সংসদ সদস্যকে অনুরোধ করেন।	সংশ্লিষ্ট সকল।
১৮.	চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন সভাকে জানান যে, উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতির উত্তর উত্তর সমৃদ্ধি কামনা করেন। মাননীয় সংসদ সদস্যের সার্বিক সহযোগিতায় আইন-শৃঙ্খলা ভাল। এ জন্য তিনি মাননীয় সংসদ সদস্যকে ধন্যবাদ জানান। সকলে সচেতন হলে আইন-শৃঙ্খলা আরও ভাল থাকবে। মদন স্বাস্থ্য কমপ্লেক্সে টেম্পু স্টেড অন্যত্র সরিয়ে নেয়ার জন্য মেয়র, মদন পৌরসভাকে অনুরোধ করেন। ঘাড়ের লড়াই বন্ধের জন্য মোবাইল কোর্ট পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। নতুন বাস স্টেডে সরকারি অনেক জায়গা স্থানীয়দের দ্বারা দখল হয়ে যাচ্ছে। উক্ত জমি উদ্ধার করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।	আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা ও সংশ্লিষ্ট সকল।
১৯.	উপজেলা নির্বাহী অফিসার সভাকে জানান যে, হরতালে আইন-শৃঙ্খলা স্বাভাবিক রাখার জন্য অফিসার ইনচার্জ, মদন থানাকে আরও সচেতন এবং গতিশীল হতে হবে। উল্লেখিত দুটি চুরির সাথে জড়িত ব্যক্তিদের আইনের আওতায় এনে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জ, মদন থানাকে অনুরোধ করেন।	আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।	অফিসার ইনচার্জ, মদন থানা ও সংশ্লিষ্ট সকল।

সভায় কোন আলোচনা না থাকায় সভাপতি উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সুন্দর ও স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে এবং সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ খুরশীদ শাহরিয়র)  
উপজেলা-নির্বাহী অফিসার

ও  
সভাপতি  
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি  
মদন, নেত্রকোণা।

স্মারক নং - ০৫.৩০.৭২৫৬.০০০.০৬.০০১.১২-২৮(৩৪)

তারিখ : ২০.০১.২০১৫ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :-

- ০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৬০ -নেত্রকোণা-৪ ও মুখ্য উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, মদন, নেত্রকোণা।
- ০২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, নেত্রকোণা।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মদন, নেত্রকোণা ও উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, মদন, নেত্রকোণা।
- ০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপদেষ্টা, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, মদন, নেত্রকোণা।
- অনুলিপি কার্যার্থে :
  - ০১। অফিসার ইন-চার্জ, মদন থানা/উপজেলা.....কর্মকর্তা, মদন, নেত্রকোণা।
  - ০২। মেয়র, মদন পৌরসভা, মদন, নেত্রকোণা।
  - ০৩। অধ্যক্ষ, সরকারি হাজী আব্দুল আজিজ খান ডিগ্রী কলেজ, মদন, নেত্রকোণা।
  - ০৪। কমান্ডার, মুক্তিযোদ্ধা সংসদ/সভাপতি, প্রেস ক্লাব, মদন, নেত্রকোণা।
  - ০৫। চেয়ারম্যান.....ইউপি(সকল), মদন, নেত্রকোণা।
  - ০৬। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার ..... কলেজ/উচ্চ বিদ্যাঃ/মাদরাসা, মদন।
  - ০৭। জনাব .....সদস্য, উপজেলা আইন শৃঙ্খলা কমিটি, মদন, নেত্রকোণা।
  - ০৮। সংশ্লিষ্ট নথি।

উপজেলা নির্বাহী অফিসার

সভাপতি  
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি  
মদন, নেত্রকোণা।